

ভারত-রাশিয়া কূটনৈতিক সম্পর্কের ৭০ বর্ষ পূর্তি উদযাপনের  
বছরভর অনুষ্ঠানের সূচনা হল ১৩ এপ্রিল, ২০১৭

ভারত-রাশিয়া কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর উদযাপনের বছরভর অনুষ্ঠানের  
সূচনা হল ১৩ এপ্রিল, ২০১৭, নয়াদিল্লির প্রবাসী ভারতীয় কেন্দ্রে।

প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়, উদ্বোধনী ভাষণে আইসিসিআর-  
এর প্রেসিডেন্ট প্রফেসর লোকেশ চন্দ্র 'ভারত-রাশিয়া ৭০ তম লোগো  
প্রতিযোগিতায় বিজয়ীর নাম ঘোষণা করেন, সাংস্কৃতিক অনুষ্ঠান (যাতে ছিল  
কথক, ভারতনাট্যম, রাশিয়ান ব্যালে এবং যোগা), স্মরণীয় ঘটনার উল্লেখ  
করে একটি ক্যালেন্ডারের উদ্বোধন, 'ভারত-রাশিয়া কূটনৈতিক সম্পর্কের  
৭০ বছর'-এই নিয়ে একটি তথ্যচিত্র প্রকাশ করা হয়, অনুষ্ঠান শেষ হয় চা  
চক্রের মাধ্যমে।

বিপুল সংখ্যক বিশিষ্ট ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হয়েছিল অনুষ্ঠানে। এর  
মধ্যে ছিলেন—রাশিয়ান ফেডারেশনের চার্জ দ্য অ্যাফেয়ার্স জনাব  
আনাতোলি কার্গাপোলোভ, আসিসিআর'র ডিরেক্টর জেনারেল শ্রী অরবিন্দ  
খাটুয়া, যুগ্ম সচিব (ইউরোশিয়া) শ্রী জি ভি শ্রীনিবাসন, এবং রাশিয়ান এবং  
ভারতীয়দের জীবনের নানা পেশার প্রতিনিধিরা।

উভয় দেশ সাদৃশ্যে ৭০ তম বর্ষ উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে। ২০১৬  
সালের অক্টোবরে গোয়ার অনুষ্ঠিত ১৭ তম ভারত-রাশিয়া শিখর সম্মেলনে  
এই অনুষ্ঠানের রূপরেখা তৈরি করা হয়েছিল। ৭০ তম বর্ষ উদযাপনের অংশ  
হিসাবে বছরভর ১০০ টির বেশি অনুষ্ঠানের পরিকল্পনা করা হয়েছে এবং যা  
ভারত-রাশিয়া দ্বিপাক্ষিক সহযোগিতাকে ঘিরেই তৈরি।

নয়াদিল্লি

এপ্রিল ১৮, ২০১৭